

শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন

১৭ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক নির্যাতন এবং গুরুতর আঘাত এর কারণে শিশুদের শারীরিক ক্ষতি ও আত্মহত্যার ঘটনায় শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন কোয়ালিশনের গভীর উদ্বেগ প্রকাশ সাম্প্রতিক সময়ে দৈনিক পত্রিকা, প্রচার মাধ্যমে ও সামাজিক মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তির ঘটনা ঘটেই চলেছে। যার মধ্যে উল্লেখযোগ্য ঘটনা যেমন, শিক্ষকের আঘাতে মাদারীপুরের স্কুল শিক্ষার্থী সম্পার চোখে ও রংপুরের বদরগঞ্জে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দ্বারা বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র সবুজ মিয়াকে আঘাতের কারণে কানে গুরুতর আঘাত ও সর্বশেষ ত্রিশাল-ভালুকা মৈত্রী কলেজের একাদশ শ্রেণির ছাত্রী ক্লাসে বই না আনায় শিক্ষক কর্তৃক ক্লাস হতে দীপা আক্তার বন্যাকে অপমান করে বের করে দেয়ার ফলে সে আত্মহত্যা করেছে - এসব ঘটনায় শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন^১ গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

কোন শিশুকে এ ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন ও আত্মহত্যায় প্ররোচনা করার ঘটনা বাংলাদেশের সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩২ ও ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাবে না। শিশু আইন ২০১৩ এর ৭০ ধারা অনুযায়ী শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নিষ্ঠুর আচরন শাস্তিযোগ্য অপরাধ। দণ্ডবিধি বা পেনাল কোড ১৮৬০ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০(সংশোধনী ২০০৩) অনুযায়ী তা শাস্তিযোগ্য অপরাধ।

শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে আইনের প্রয়োগ ও জনমত গঠনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

উল্লেখ্য শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন শিশু অধিকার রক্ষায় যেসব বেসরকারী ও আন্তর্জাতিক সংস্থা কাজ করছে এরকম ২৫টি সংস্থার সমন্বয়ে গঠিত।

শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন সচিবালয়ের পক্ষে

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট

যোগাযোগ: মাহবুবা আক্তার, উপ পরিচালক, এডভোকেসি, ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd

^১ শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এর উদ্দেশ্য হচ্ছে সকল ক্ষেত্রে শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কাজ করা এবং এ লক্ষ্যে বিদ্যমান আইন সংশোধনসহ নতুন আইনী কাঠামোর জন্য এডভোকেসী করা। শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এর অন্তর্ভুক্ত সংগঠনসমূহ

অপরাডেয় বাংলাদেশ। আইন ও সালিস কেন্দ্র। আইআইডি। আইএইচডি। ইনসিডিন বাংলাদেশ। ইউনিসেফ। উদ্দীপন। এসিড সারভাইভার্স ফাউন্ডেশন। এসোসিয়েশন ফর কমিউনিটি ডেভেলপমেন্ট। ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ। কমিউনিটি পার্টিসিপেশন ফর ডেভেলপমেন্ট। গণস্বাক্ষরতা অভিযান। ফ্যামিলি প্ল্যানিং এসোসিয়েশন অব বাংলাদেশ। ঢাকা আহসানিয়া মিশন। পপি। ব্র্যাক। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট। বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি। বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন। ব্রেকিং দ্য সাইলেন্স। মমতা। সেইভ দ্য চিলড্রেন। স্যোশাল এন্ড ইকনমিক এনহান্সমেন্ট প্রোগ্রাম। সিএসআইডি। শিশু পল্লী প্লাস।